

Times Today BD

আলমগীর হান্নান | খুলনা | 10 April, 2025

ফিলিস্তিনের স্বাধীনতা ও নির্যাতনের প্রশ্নে মুসলিম বিশ্ব মোড়লদের ভূমিকা প্রশ্নবিদ্ধ। সারা পৃথিবীতে নির্যাতিত মানুষের নাম ফিলিস্তিনের জনগণ। মুসলিম বিশ্বের নিরবতার কারণে সারা পৃথিবীতে মুসলিম জনগণ গণহত্যার শিকার হচ্ছে, সেটা আরাকান থেকে ফিলিস্তিন পর্যন্ত সারা বিশ্ব বিস্তৃত উল্লেখ করে খুলনা মহানগর বিএনপির বিভিন্ন স্তরের নেতারা বলছেন, ওরা (ইসরাইল) ফিলিস্তিন মুসলমানদের ওপর নির্যাতন করছে, এক এক করে সকল মুসলমানদের ওপর নির্যাতন করবে, ধ্বংস করার চেষ্টা করবে। আজ যারা বিশ্বের মুসলিম মোড়ল আছে, তারা তাদের রাজত্ব টিকে রাখতে নেতৃত্বে আসছে না, এই হত্যাকাণ্ডের বিরুদ্ধে যারা রুখে দাঁড়াচ্ছে না তাদের প্রতি ধ্বংস নেমে আসবে।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) বিকেলে গাজা ও রাফায় ইসরাইলের নৃশংস গণহত্যার প্রতিবাদ এবং নির্যাতনের শিকার ফিলিস্তিনীদের প্রতি সংহতি জানিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আহবানে খুলনা মহানগর বিএনপি আয়োজিত প্রতিবাদ সমাবেশ ও সংহতি র্যালি-পূর্ব সমাবেশে বক্তারা এসব কথা বলেন। তারা বলেন, আওয়ামী লীগ ইসরাইলকে পরোক্ষভাবে মদদ দিয়েছিল। এমন একটি রাষ্ট্র থেকে আঁড়িপাতার যন্ত্র কীনে এ দেশের বিরোধীদলীয় নেতাকর্মীদের ওপর নিপীড়ন নির্যাতন চালিয়েছে।

খুলনা মহানগর বিএনপির সভাপতি এড. শফিকুল আলম মনার সভাপতিত্বে ও মহানগর বিএনপির সাধারণ সম্পাদক শফিকুল আলম তুহিনের পরিচালনায় অনুষ্ঠিত সমাবেশে বক্তারা আরো বলেন, ইসরাইলের কারণে ফিলিস্তিনের জনগণ গণহত্যার শিকার হচ্ছে যুগের পর যুগ, দশকের পর দশক কিন্তু তার কোনো প্রতিকার আমরা দেখছি না। বিএনপি বরাবরই মানবতার পক্ষে। অন্যায়ের বিপক্ষে। ইসরাইলিরা একটি অভিশপ্ত জাতি। যারা নৃশংসতার সর্বোচ্চ সীমাও অতিক্রম করেছে। ইসরাইলের আগ্রাসন বন্ধে স্থানীয় ও আন্তর্জাতিক প্রচেষ্টাকে ঐক্যবদ্ধ করা জরুরি। আন্তর্জাতিক আইন ও ফিলিস্তিনীদের অধিকার লঙ্ঘনের জন্য ইসরাইলকে বিচারের মুখোমুখি করতে এই সম্মিলিত প্রচেষ্টা গুরুত্বপূর্ণ। ইসরাইলের রক্তপিপাসু নীতির বিরুদ্ধে সোচ্চার হওয়া এখন শুধু মানবিক দায়িত্ব নয়, বরং এটি মুসলমান এবং মানুষ হিসেবে সকলের কর্তব্য। আমরা বাংলাদেশ থেকে স্পষ্ট ভাষায় বলে দিতে চাই, ফিলিস্তিনে আর কোনো বোমা পড়লে তার দাঁতভাঙা জবাব দেওয়া হবে। ফিলিস্তিন মুক্ত না হওয়া পর্যন্ত আমরা ঘরে ফিরে যাবো না।

সমাবেশে বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহবায়ক মনিরুজ্জামান মন্টু, এড. মোমেরজুল ইসলাম, ফকরুল আলম, সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন ইসলামী শাসনতন্ত্র বাংলাদেশ খুলনা মহানগর শাখার সভাপতি মুফতি আমানুল্লাহ, বেলাল হোসেন, শেখ সাদী, মাসুদ পারভেজ বাবু, চৌধুরী হাসানুর রশিদ মিরাজ, সৈয়দা রেহানা ঈসা, জুলফিকার আলী জুলু, তৈয়বুর রহমান, মোল্লা খাইরুল ইসলাম, কে এম হুমায়ুন কবির, হাফিজুর রহমান মনি, মুর্শিদ কামাল, কাজী মিজানুর রহমান, এ্যাড: মোহাম্মদ আলী বাবু, শামীম কবির, কামরুজ্জামান টুকু, মুশফিকুর রহমান সজল, মোল্লা ফরিদ আহমেদ, হাবিবুর রহমান বিশ্বাস।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:58

URL: <https://www.timestodaybd.com/khulna/597775807>